



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিআ-৬/৬৪৬৫/৩৭.১১.৮০৮১.৫০১.০১.৬.২০.৮৯৬১

তারিখ: ২০-০৩-২০২২

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ১০-০৩-২০২২ তারিখের আবেদন (আইডি- (১৩৫২৪)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, যশোর জেলার শার্শা উপজেলাধীন বাহাদুরপুর মাধ্যমিক বিদ্যালয়ের দাখিলকৃত ম্যানেজিং কমিটির বিরক্তে জনাব মো: আসাদুল ইসলাম আশা একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

২০-০৩-২০২২

(ড. বিশ্বাস শাহিন আহমদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

02477762705

উপজেলা নির্বাহী অফিসার  
শার্শা, যশোর।

সংযুক্ত: অভিযোগের ছায়ালিপি

নথি নং-বিআ-৬/৬৪৬৫/৩৭.১১.৮০৮১.৫০১.০১.৬.২০.৮৯৬১ (৬)

তারিখ: ২০-০৩-২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শার্শা, যশোর।
- ৪। প্রধান শিক্ষক, বাহাদুরপুর মাধ্যমিক বিদ্যালয়, বেদেবাহাদুরপুর, শার্শা, যশোর।
- ৫। অভিযোগকারী, জনাব মো: আসাদুল ইসলাম আশা (০১৯২৬-১৭৪৮৩৩), বেদেবাহাদুরপুর, শার্শা, যশোর।
- ৬। অফিস নথি।

২০-০৩-২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

02477762705

বরাবর,

বিদ্যালয় পরিদর্শক,  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

বিষয় : শার্শা উপজেলার বেনাপোল পোর্ট থানার বাহাদুরপুর মাধ্যমিক বিদ্যালয়ে অবৈধ ভাবে ম্যানেজিং কমিটি ও ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচন করায় তাহা স্থগিত ও বাতিল করিবার জন্য আবেদন।

জনাব,

যথা বিহীত সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, আমরা শার্শা উপজেলার বাহাদুরপুর ইউনিয়নের বাহাদুরপুর মাধ্যমিক বিদ্যালয়ের চারপাশের এলাকার অধিবাসীবৃন্দ এই মর্মে আপনার নিকট বিনীত আবেদন জানাইতেছি যে, ম্যানেজিং কমিটি গঠনের জন্য প্রথমে মাইকে প্রচার করিলে বিভিন্ন এলাকা থেকে ১৭ জন প্রার্থী প্রত্যেকে ১০০০/- টাকা করে অভিভাবক শ্রেণীতে মনোনয়ন পত্র গ্রহণ করে। বর্তমান যিনি এডইক কমিটির সভাপতি জনাব মো: আব্দুল রহমান তিতাস রাজনৈতিক ও পেশি শক্তি খাটিয়ে তার অনুসারী ছাড়া অন্য সদস্যদের মনোনয়ন পত্র জমা দিতে নিষেধ করে। তার পরেও ৯ জন প্রার্থী মনোনয়ন পত্র জমা দেয়। উপজেলা নির্বাহী অফিসারের নিয়োগ কৃত প্রিজাইডিং অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারে একাডেমিক সুপার ভাইজার জনাব নূরজামান সাহেবে ২২/০২/২০২২ইং তারিখে প্রার্থী যাহাই বাছাই করিবার জন্য বিদ্যালয়ে আসেন। তিনি সকল মনোনয়ন পত্র বৈধ বলে ঘোষনা দেন। বর্তমান এডহক কমিটির সভাপতি প্রধান শিক্ষক এবং সহকারী প্রধান শিক্ষক মিলিয়া ২৪/০২/২০২২ইং তারিখে সকল অভিভাবক সদস্য ও এলাকার সভাপতির অনুসারী প্রায় ১০০ জনের বেশী লোকজন দাওয়াত দেন। ০১ জন বাদে সকল অভিভাবক সদস্য উপস্থিত হন। সভাপতি মহোদয় তার অনুসারী লোকজন দিয়ে তার নিজের মনোনীত ৫ জন সদস্য রেখে বাকি সকল সদস্যকে বাধ্যতা মূলক মনোনয়ন পত্র প্রত্যাহার করান। সভাপতি পদে ০৩ জন প্রার্থী দোয়া চান। কিন্তু অতি দুঃখের সাথে জানাইতেছি যে, বর্তমান এডহক কমিটির সভাপতি, প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষক এবং প্রিজাইডিং অফিসার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার অতি গোপনে গত ০৮/০৩/২০২২ ইং তারিখে বাহাদুরপুর হাইকুলে সভাপতি নির্বাচন করিবার জন্য প্রস্তুতি নেই। আমি সংবাদ পাইয়া স্কুলে আসি এবং সভপতি নির্বাচন করিবার জন্য বলি এবং ব্যালট পেপারের মাধ্যমে ভোট করিবার জন্য বলি। কিন্তু তাহারা অতি সুকোশলে ইউনিয়ন চেয়ারম্যান এর খবর দেয়। চেয়ারম্যান সাহেব একজন এস আই ও তার দলবল সাথে নিয়ে আসে। একই সাথে প্রার্থীদের সামনে চেয়ারম্যান মহোদয় প্রিজাইডিং অফিসারের ভূমিকা পালন করেন। ব্যালট পেপারের মাধ্যমে ভোট না দিয়া হাত তুলিয়া চেয়ারম্যান এর মনোনীত প্রার্থী আব্দুর রহমানের পক্ষে হাত তুলিতে বলেন। চেয়ারম্যান মহোদয় ইউনিয়নে যে স্কালের রাজত্ব শুরু করেছে। তার সামনে কাহারোর কথা বলার সাহস নাই। বাংলাদেশের কোন সংবিধানে আছে যে, প্রিজাইডিং অফিসার রাজনৈতিক নেতা ও পুলিশের এস আই কে সাথে নিয়া একই ঘরে ভোট করেন। প্রিজাইডিং অফিসার বড় অংকের অর্থ নৈতিক বাণিজ্য করিয়াছে। আপনি স্বরজমিমে তদন্ত পূর্বক এই নির্বাচন বাতিল করিবার জন্য আপনার নিকট বিনীত আবেদন করিতেছি। প্রথম দিন একজন এবং পরের দিন আরেক জন প্রিজাইডিং অফিসার বিদ্যালয়ে আসে এটা কোন নিয়মে আছে আমার জানা নাই। আইন আপনাদের হাতে আপনারা ভালো বলতে পারবেন। এহেন পরিস্থিতিতে আমি আবারো এই নির্বাচন বাতিল করিবার ও পুণরায় ব্যালট পেপারের মাধ্যমে ভোট প্রদানের ব্যবস্থা করিবার জন্য আপনার নিকট আবেদন করিতেছি। বর্তমান যিনি সভাপতি হচ্ছেন তার নামে অর্থনৈতিক কেলেঙ্কারি আছে। তিনি মাদ্রাসা, হট বাজার, মসজিদ এবং যে বিদ্যালয়ে সভাপতি হচ্ছেন সেখান থেকে লক্ষ লক্ষ টাকা আত্মসাত করেছেন। আমরা এই রায়ের বোয়ালের হাত থেকে বিদ্যালয়টি বাচাইবার জন্য বিনীত আবেদন জানাইতেছি।

অতএব, বিনীত প্রার্থনা বর্তমান ম্যানেজিং কমিটি স্থগিত ও বাতিল করিলে আপনার নিকট আমর চিরকৃতজ্ঞ থাকিবো।

তারিখঃ-১০-০৩ - ২০২২

বিনীত নিবেদক,

গ্রামবাসীর পক্ষে

আমরা

স্বামী, মাদ্রাসার ইন্ডোর / কালোটি